# রাস্তায় নয়, জনগণের দ্বারে গিয়ে দাবি তুলুন: আমীর খসরু




সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, রাজনৈতিক দলগুলোকে আন্দোলনের চেয়ে জনগণের কাছে গিয়ে সমর্থন আদায় করতে হবে। জনগণের ম্যান্ডেটই হবে পরিবর্তনের একমাত্র পথ বলে মন্তব্য করেন তিনি।

রাজনৈতিক অস্থিরতার সময় আন্দোলনের পরিবর্তে জনগণের কাছে যাওয়ার ওপর গুরুত্ব দিয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। তার মতে, দাবি-দাওয়া নিয়ে রাস্তায় নামার চেয়ে জনগণের সমর্থন অর্জন করাই রাজনীতির মূল শক্তি।

বুধবার (২২ অক্টোবর) জাতীয় প্রেসক্লাবে মুক্তিযোদ্ধা দলের আয়োজিত এক আলোচনা সভায় তিনি বলেন, "জনগণ যদি আপনাকে ম্যান্ডেট দেয়, তবে সংসদে গিয়ে সব দাবি বাস্তবায়ন করা সম্ভব।"

LENS ASIA

তিনি আরও বলেন, বর্তমান সরকারকে সংবিধানে নির্ধারিত সীমারেখায় থেকে তত্ত্বাবধায়ক সরকারের মতো নিরপেক্ষ ভূমিকা নিতে হবে। পাশাপাশি সরকারের অভ্যন্তরে থাকা বিতর্কিত ও পক্ষপাতদুষ্ট ব্যক্তিদের অপসারণেরও দাবি জানান তিনি।

আমীর খসরু মনে করেন, নির্বাচনের আগে সরকারের কোনো গুরুত্বপূর্ণ বা নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা অনুচিত, কারণ তা নির্বাচনের নিরপেক্ষতা ও বিশ্বাসযোগ্যতাকে ক্ষুণ্ন করতে পারে।